শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক গৃহীত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭-২০১৮ এর অগ্রগতি

(০১) শিল্প মন্ত্রণালয়

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	ই-মিটিং সিডিউল	১। সভা/সেমিনার/প্রশিক্ষণের তথ্য এপ্লিকেশনে যুক্ত করা থাকবে। নেটওয়ার্কে থাকা যে কেউ তথ্যটি দেখতে পাবেন। কখন কোন মিটিং হচ্ছে, সভাপতি হিসেবে কে আছেন। ২। সভা/সেমিনার/প্রশিক্ষণের আয়োজনের পূর্বে এপ্লিকেশনটি দেখে সভার সময় ও তারিখ নির্ধারণ সহজ হবে। ৩। একই সময়ে দুটি মিটিং পড়ার সম্ভাবনা কম হবে। ৪। সময় ও ভিজিট কমবে।	জুলাই/১৭ থেকে ডিসেম্বর/১৭	বাস্তবায়িত
০২.	শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের জন্য উদ্ভাবন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন।	শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার জন্য উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা সহজ হবে।	জুলাই/১৭ থেকে জুন/১৮	বাস্তবায়িত
০৩.	৫ দিনব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন।	১। উদ্ভাবনী উদ্যোগ সম্পর্কে ব্যাপক জ্ঞান অর্জন করা সম্ভব হবে। ২। শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার জন্য উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা সহজ হবে।	জুলাই/১৭ থেকে জুন/১৮	বাস্তবায়িত ৪ থেকে ৮ ফেব্রুয়ারি ২০১৮ পাঁচ দিনব্যাপী উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় অনুষ্ঠিত হয়।

(০২) বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রীজ কর্পোরেশন (বিসিআইসি)

ক্রমিক নং	করনীয় বিষয়	প্রত্যাশিত ফলাফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	ইলেকট্রনিক টেন্ডার	টেন্ডার ব্যবস্থায় সচ্ছতা আনয়ন সম্ভব হবে। টেন্ডারে অংশগ্রহণকারী ও প্রক্রিয়াধীনকারী উভয়ের জন্য ঝামেলামুক্ত এবং সহজতর হবে।	০১/০৭/২০১৭- ৩১/১২/২০১৭ এবং ০১/০১/২০১৮- ৩০/০৬/২০১৮	বিসিআইসি প্রধান কার্যালয়ে সিপিটিইউ এর মাধ্যমে এবং বিসিআইসি'র সকল কারখানা পর্যায়ক্রমে টেন্ডার প্রক্রিয়ার কাজ শুরু করা হয়েছে। কাজটি বাস্তবায়ন করার জন্য ই-জিপি পোর্টালে রেজিষ্টেশন করা হয়েছে। উক্ত সিস্টেমে PE Office খোলাসহ Configure কাজ করা হয়েছে।
০২.	ই-ফাইলিং সিস্টেম	ই-ফাইলিং সিস্টেম চালু করা হলে নথির আদান প্রদানসহ কাজের স্বচ্ছতা জবাবদিহিতা সহজ হবে।	০১/০৭/২০১৭- ৩১/১২/২০১৭ এবং ০১/০১/২০১৮- ৩০/০৬/২০১৮	এটুআই হতে ০৩ জন কর্মকর্তা প্রশিক্ষণ দিয়েছেন এবং কাজটি বাস্তবায়ন করার জন্য কমিটির অন্যান্য সদস্যদের in-house প্রশিক্ষণ চলছে।
০৩.	প্রশিক্ষণের ব্যবস্থাকরণ	বিসিআইসি প্রধান কার্যালয়সহ সকল কারখানার কর্মকর্তা কর্মচারীদের দাপ্তরিক কাজের প্রয়োজনীয় বিভিন্ন সফটওয়ার এর উপর প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে। এতে দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধি পাবে।	০১/০৭/২০১৭- ৩১/১২/২০১৭ এবং ০১/০১/২০১৮- ৩০/০৬/২০১৮	কাজটি চলমান আছে।
০৪.	সিসিটিভি মনিটরিং সিস্টেম আপগ্রেডেশন	সিসিটিভি মনিটরিং সিস্টেম চালু করা হলে নিরাপত্তা বৃদ্ধি পাবে।	০১/০৭/২০১৭- ৩১/১২/২০১৭ এবং ০১/০১/২০১৮- ৩০/০৬/২০১৮	কাজটি চলমান আছে।
০৫.	কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম	কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হলে বিসিআইসি প্রধান কার্যালয়সহ সকল কারখানার সমস্যাগুলো চিহ্নিত করা সহজ হবে এবং অতিদ্রুত সমাধান করা যাবে।	০১/০৭/২০১৭- ৩০/০৬/২০১৮	কাজটি শুরু করার জন্য ফিজিবিলিটি স্টাডি করা হচ্ছে।

(০৩) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি)

ক্রঃ নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফলাফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১.	বিএসএফআইসি'র নিয়ন্ত্রণাধীন সুগারমিলগুলোতে আখ ক্রয়ের ক্ষেত্রে ই-গেজেট সফটওয়্যার বাস্তবায়ন	(ক) ই-গেজেট ২০১৬-১৭ আখ মাড়াই মৌসুমে সকল চিনিকলে পরীক্ষামূলকভাবে বাস্তবায়নের ফলে চাষিভিত্তিক সঠিকভাবে পুর্জি প্রোগ্রাম অনুযায়ী পুর্জি বিতরণ করা সম্ভব হচ্ছে যা ২০১৭-১৮ মাড়াই মৌসুমে পূর্নাঙ্গভাবে বাস্তবায়নের ব্যবস্থা নেওয়া হবে। (খ) মিলের পুর্জি করণিকগণ যে সকল পুর্জি বর্তমানে হাতে লিখছে তার পরিবর্তে যখন চাষীর পাশবহি নং/পুর্জি প্রোগ্রাম নং ই-পুর্জির সফটওয়্যারে ইনপুট করবে সাথে সাথে পুর্জিতে বর্ণিত সকল তথ্য সংবলিত চাষির নামে পুর্জি অটোমেটিক প্রিন্ট হয়ে যাবে, অন্যদিকে ঐ চাষির নামে এস এম এস ও অনলাইনে পুর্জি প্রদর্শিত হবে। এতে পুর্জি রাইটার দ্বারা কোন পুর্জি লেখার প্রয়োজন হবে না। ভূলত্রুটি পরিহার, সময়, জনবল ও মিলের আর্থিক সাশ্রয় হবে। (গ) আখ ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।	২০১৭-১৮	সংস্থার অধীন সকল চিনিকলে পরীক্ষামূলকভাবে ই-গেজেট সফটওয়্যার develop করে ২০১৭-১৮ আখমাড়াই মৌসুমে চালু করা হয়েছে।এছাড়া ফরিদপুর সুগারমিলে ইলেকট্রনিক পুর্জি ব্যবস্থাপনায় কম্পিউটারের মাধ্যমে পুর্জি প্রিন্টিং সম্পাদনের ব্যবস্থা নেওয়া হয়েছে। ২০১৬-২০১৭ আখমাড়াই মৌসূমে সুগার মিলগুলোতে রুপালী ব্যাংক 'শিওর ক্যাশ' প্রগতি সিস্টেমস লিঃ এর মাধ্যমে ই-গেজেট চালু করা হয়েছে। এতে বিদ্যমান ত্রুটি-বিচ্যুতি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে। এ কার্যক্রম ২০১৭-১৮ আখমাড়াই মৌসুমেও সকল চিনিকলে সফলভাবে চলমান।
০২.	বিএসএফআইসি'র নিয়ন্ত্রণাধীন সুগার মিলগুলোতে আখ ক্রয়ের ক্ষেত্রে মোবাইলের মাধ্যমে ই-পেমেন্ট সিস্টেম বাস্তবায়ন	(ক) সরবরাহকৃত আখের মূল্য চাষি সহজেই স্বল্পসময়ে পাবে । (খ) এতদবিষয়ে যানবাহন , জনবল ইত্যাদি বাবদ মিলের আর্থিক সাশ্রয় হবে। (গ) আখচাষিদের মিলের প্রতি আস্থা ও ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি পাবে । ফলশ্রুতিতে আখ রোপণের পরিমাণ বৃদ্ধি পাবে।	২০১৭-১৮	২০১৬-২০১৭ আখমাড়াই মৌসুমে পরীক্ষামূলকভাবে সকল চিনিকলে রুপালী ব্যাংক 'শিওর ক্যাশ' এর মাধ্যমে আখের মূল্য পরিশোধের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে যে সকল ত্রুটি-বিচ্যুতি হয়েছিল তা সংশোধনের ব্যবস্থা নেয়া হচ্ছে। ইতোমধ্যে চাষিদেরকে আখচাষে ভর্তুকির টাকাও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে। এ কার্যক্রম ২০১৭-১৮ আখমাড়াই মৌসুমেও সকল চিনিকলে সফলভাবে রুপালী ব্যাংক 'শিওর ক্যাশ' এর মাধ্যমে আখ চাষিদের আখের মূল্য পরিশোধ করা হয়েছে।
০৩.	কর্মকর্তা/কর্মচারীগণের পর্যায়ক্রমিক কম্পিউটার প্রশিক্ষণ	সংস্থায় ডিজিটাল কার্যক্রমের অংশ হিসেবে দক্ষ জনবল তৈরিতে সহায়ক ভূমিকা পালন করা সম্ভব হবে।	২০১৭-১৮	কম্পিউটার প্রশিক্ষণ চলমান আছে।
০৪.	ল্যান রক্ষণাবেক্ষণ ও ইন্টারনেট সম্প্রসারণ	সদর দপ্তরস্থ সকল বিভাগ ও উপবিভাগের দাপ্তরিক কাজের গতিশীলতা আনয়ন করা সম্ভব হবে।	২০১৭-১৮	প্রক্রিয়াধীন আছে ।
০৫.	কেইন গ্রোয়ার্স লোন ম্যানেজমেন্ট সিস্টেম।	এ পদ্ধতিতে আখচাষিদের মাঝে বিতরণকৃত উপকরণ (সার, বীজ ও কীটনাশক ইত্যাদি) এবংনগদ টাকা ঋণের মাধ্যমে প্রয়োগের ফলে যে ঋণ চাষিদের হবে তা সরাসরি অনলাইনে প্রত্যেক আখচাষি তার পাশ বহিনং এর অনুকূলে অনুসন্ধান করলে হালনাগাদ তথ্যাদি পাওয়া যাবে। এতে হাজার হাজার চাষির স্বচ্ছতা আসবে।	২০১৭-১৮	কেইন গ্রোয়ার্স লোন ম্যানেজমেন্ট সিস্টেম: প্রকল্পটি বাস্তবায়নের জন্য 'এটুআই' এর সহায়তায় রোডম্যাপ, ই-ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট প্ল্যানিং,TOR, EOI এবং RFP সম্পন্ন করা হয়েছে। এক্ষণে 'এটুআই' এর নির্দেশনায় EOI evaluation এর কার্যক্রম চলমান। উল্লেখ্য, আখচাষিদের ঋণ ব্যবস্থাপনায় ঋণ পেতে সময়, অর্থ ও যাতায়াত খরচ কমে যাব, পাশাপাশি ঋণের হিসাবে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত হবে।

(০৪) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি)

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	অনলাইন ফান্ড ট্রান্সফারের মাধ্যমে পেনশনারের ব্যাংক হিসাবে পেনশনের অর্থ প্রেরণ।	পেনশনারের অনলাইন ব্যাংক হিসাবে পেনশনের অর্থ পাঠানো সম্ভব হবে। এর মাধ্যমে পেনশনারের অফিস ভিজিট, সময়, অর্থ ও কষ্ট লাঘব হবে।	জুলাই-জুন’২০১৮	বিএসইসি কর্তৃপক্ষ ২০১৭-১৮ অর্থবছরে কার্যক্রমটি বাতিল করায় তা বাস্তবায়িত হয়নি। কাযক্রমটি ২০১৮-১৯ অর্থবছরের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
০২.	বিএসইসি ও নিয়ন্ত্রধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের পরিচিতি, পণ্যের প্রচার ও বিক্রয় বৃদ্ধিতে সংস্থার সম্মুখ নিরাপত্তা বেষ্ঠনীর উন্নয়ন।	অফিসের সৌদর্য বৃদ্ধি পাবে, জনসাধারন সহজেই বিএসইসি ও নিয়ন্ত্রধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ সম্পর্কে পরিচিতি হতে পারবে।	জুলাই-জুন’২০১৮	বাস্তবায়িত

(০৫) বাংলাদেশ স্ট্যান্ডর্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	বিএসটিআই’র ওয়ানস্টপ সার্ভিস সেন্টারসহ প্রধান কার্যালয়ের ইন্টারনেট bandwidth 17 mbps হতে 50 mbps -এ উন্নীতকরণ।	দাপ্তরিক কাজের গতি বৃদ্ধি পাবে এবং দ্রুত জনসেবা প্রদান করা যাবে। এছাড়াও ই-মেইল, সফটওয়্যার আপডেট/ ডাউনলোড, ওয়েবসাইট ব্রাউজ, ডিজিটাল স্বাক্ষর ব্যবহার, ই-টেন্ডারিং, ই-পেমেন্ট, ই-ফাইলিং এবং ফাইল শেয়ারিংসহ বিএসটিআইতে ব্যবহৃত বিলিং সফটওয়্যারের মাধ্যমে আরও দ্রুততার সাথে কাজ করা সম্ভব হবে।	জুলাই/১৭ হতে জুন/১৮	বাস্তবায়িত

(০৬) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	বিসিকের "মাঝারী, ক্ষুদ্র ও কুটির শিল্প নিবন্ধনকরণ" সেবাটি ই-সার্ভিসে রূপান্তর।	বর্তমানে প্রচলিত "মাঝারী, ক্ষুদ্র ও কুটির শিল্প নিবন্ধনকরণ" সেবাটি ই-সার্ভিসে রূপান্তর করা হলে শিল্পোদ্যোক্তাগণ যে কোন স্থান ও সময়ে মাঝারী, ক্ষুদ্র ও কুটির শিল্পের নিবন্ধনের আবেদন প্রক্রিয়া দ্রুত ও স্বচ্ছতার সাথে সম্পাদনের সুযোগ পাবেন। অনলাইনে এবং মোবাইল ফোন ও Tab এর মাধ্যমে যে কোন স্থান হতে নিবন্ধনের তথ্য সংগ্রহ করা এবং আবেদন প্রক্রিয়ার status শিল্পোদ্যোক্তাগণ সহজেই জানতে পারবেন। ই-সার্ভিসে রূপান্তরের ফলে শিল্পের অনলাইন নিবন্ধন প্রক্রিয়ায় সেবা গ্রহীতার TCV (Time, Cost, Visit) ব্যাপকভাবে হ্রাস পাবে। শিল্প সংক্রান্ত বিসিকের প্রদত্ত সেবা আরও সহজে ও দ্রুততম সময়ে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া সম্ভব হবে।	জুলাই ২০১৭ থেকে জুন ২০১৮	* সেবাটি ই-সেবায় রূপান্তরের সিস্টেম তৈরির জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম শুরু হয়েছে। * ২৫টি পরামর্শক প্রতিষ্ঠান EOI দাখিল করেছে। EOI মূল্যায়নের মাধ্যমে shortlisting এর কাজ শেষ পর্যায়ে আছে। * শীঘ্রই পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে অনলাইন সিস্টেম তৈরি সম্পন্ন করা হবে উল্লেখ্য, সেবাটির সহজীকরণ ও ই-সেবায় রূপান্তরের সিস্টেম তৈরির পরামর্শক নিয়োগের TOR, EOI, RFP প্রণয়ন এটুআই এর সহায়তায় সম্পন্ন করা হয়েছে।

(০৭) বাংলাদেশ শিল্প ও কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফলাফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১.	বিটাকের প্রশিক্ষণ বিভাগের প্রয়োজনীয় কাস্টমাইজ সফটওয়্যার যেমন - অনলাইন এ্যাডমিশন সফটওয়্যার তৈরির কাজ।	উল্লেখিত সফটওয়্যার তৈরির মাধ্যমে দেশের যে কোন স্থান হতে প্রশিক্ষণার্থীগণ অন লাইনের মাধ্যমে আবেদন, আবেদন যাচাই বাছাই ও ভর্তি হতে পারবে। এতে প্রশিক্ষণার্থীগণ এর সময় ও অর্থ সাশ্রয় হবে।	মোট-১২-মাস (২০১৭-১৮ ইং অর্থবছর)	কাজটি বাস্তবায়িত হচ্ছে।

(০৮) বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	স্বল্প মেয়াদি প্রশিক্ষণের তথ্য ব্যবস্থাপণায় ইলেক্ট্রনিক পদ্ধতি (টিএমআইএস-ট্রেনিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস) বাস্তবায়ন।	স্বল্প মেয়াদি প্রশিক্ষণের তথ্য ব্যবস্থাপণার উন্নয়ন ঘটবে, দীর্ঘ-মেয়াদে ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রশিক্ষণ ও প্রশিক্ষণার্থীর তথ্য সংরক্ষণের সুবিধা পাওয়া যাবে, প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠানের বাইরে বিভিন্ন পর্যায়ে তথ্য বিতরণ সহজ হবে।	জুলাই/২০১৭ থেকে অক্টোবর/২০১৭	টিএমআইএস তৈরির কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে টেস্টিং চলছে। একই সাথে আগস্ট/২০১৮ এর মধ্যে ইউজার ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করা হবে।
০২.	স্বল্প মেয়াদি প্রশিক্ষণের ইলেক্ট্রনিক/ অনলাইন পদ্ধতিতে প্রশিক্ষণকক্ষ ও কম্পিউটার ল্যাব বুকিং ও বন্টনের ব্যবস্থা বাস্তবায়ন।	মাসাধিককাল পূর্বেই প্রশিক্ষণকক্ষ ও কম্পিউটার ল্যাব বুকিং-এর জন্য অনলাইন পদ্ধতিতে চাহিদা জানানো যাবে। প্রশিক্ষণকক্ষের আকারের সাথে প্রশিক্ষণার্থীর সংখ্যার সুসমন্বয় সাধন করা সম্ভব হবে।	জুলাই/২০১৭ থেকে অক্টোবর/২০১৭	বাস্তবায়িত।
০৩.	শিল্পনীতি, ২০১৬ বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত (ফোকাল অরগানাইজেশন) হিসেবে টেকনোলোজি ইনকিউবেশন সেন্টার স্থাপণের জন্য প্রস্তাব তৈরি করা	টেকনোলোজি ইনকিউবেশন সেন্টার স্থাপিত হলে গবেষক ও উদ্যোক্তার মধ্যে সংযোগ স্থাপণের মাধ্যমে নতুন শিল্প পণ্যের বানিজ্যিকীকরণে সহায়তা প্রদান করা সম্ভব হবে।	অক্টোবর/২০১৭ থেকে ডিসেম্বর/২০১৭	
০৪.	বিআইএম কর্তৃক পরিচালিত বিভিন্ন গবেষণা ও প্রশিক্ষণকালীন আলোচনা লব্ধ জ্ঞান হতে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাকে অনলাইন/ ইলেক্ট্রনিক সল্যুশন (যেমন: দুর্যোগ ব্যবস্থাপণা ও ত্রাণ মন্ত্রণালয়কে অনলাইন সাইক্লোন সেল্টার মনিটরিং সিস্টেম, ঢাকা যানবাহন সমন্বয় কর্তৃপক্ষকে ট্রান্সপোর্ট সার্চ সিস্টেম) সম্পর্কে প্রস্তাব প্রদান	বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থায় ইনোভেশন প্রক্রিয়া তরান্বিত হবে, ইনোভেশন ও টেকনোলোজি ইনকিউবেশন প্রক্রিয়ায় প্রক্রিয়ায় সহযোগিতা প্রদানে বিআইএম-এর সক্ষমতা বৃদ্ধি পাবে।	অক্টোবর/২০১৭ থেকে মার্চ/২০১৮	মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(০৯) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	Electronic Document Management System (EDMS) চালুকরণ।	দাপ্তরিক কাজের স্বচ্ছতা এবং গতি বৃদ্ধি পাবে। নথি ব্যবস্থাপনায় হার্ডকপি নথির উপর নির্ভরশীলতা কমবে। পূর্নাংগ অটোমেশনে কার্যকর ভূমিকা রাখবে।	জুলাই'২০১৭-জুন'২০১৮	বাস্তবায়িত হয়েছে এবং আনুষঙ্গিক কার্যক্রম চলমান আছে।

(১০) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	উৎপাদনশীলতা সম্পর্কিত তথ্যাদি অনলাইনের মাধ্যমে সংগ্রহ।	গবেষণা প্রতিবেদন প্রস্তুত দ্রুততর হবে।	জুলাই/২০১৮	২০১৭-২০১৮ অর্থবছরে অগ্রগতি ৩০%। RFQ এর মাধ্যমে সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান হতে আবেদন সংগ্রহের হন্য বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে বাজেট বরাদ্দ না থাকায় ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে অন্তর্ভূক্ত করা হয়েছে এবং বাজেট বরাদ্দ পাওয়া গিয়েছে। আগামী ৩ (তিন) মাসের মধ্যে কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন করা হবে।

(১১) বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোড (বিএবি)

ক্রঃ নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফলাফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১.	কক্ষ ও আশেপাশের এলাকায় সিকিউরিটি ক্যামেরা স্থাপন ও দূরবর্তী স্থান থেকে নিরীক্ষণের ব্যবস্থা করা।	ডকুমেন্ট কন্ট্রোল রুমে ও নিকটবর্তী স্থানে পর্যাপ্ত সিকিউরিটি ক্যামেরা স্থাপন করা এবং সফটওয়ার ব্যবহারের মাধ্যমে দূরবর্তী স্থান হতে তা মনিটরিং এর ব্যবস্থা করা।	জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত	৮০% বাস্তবায়িত। বাকীটা চলমান রয়েছে।

(১২) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

ক্রমিক নং	করণীয় বিষয়	প্রত্যাশিত ফল	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি
০১	০২	০৩	০৪	০৫
০১.	বয়লার অফিসের সেবা সম্পর্কিত যাবতীয় তথ্য সম্বলিত একটি এ্যান্ড্রয়েড এ্যাপস তৈরি করা।	গ্রাহকদের বয়লার ব্যবহার, নবায়ন ইত্যাদি সম্পর্কিত সকল তথ্য প্রাপ্তি সহজ হয়েছে।	জুলাই'২০১৭ - মার্চ-২০১৮	গত ১৩/০২/২০১৮ খ্রি. তারিখে বয়লার এ্যাপস উদ্বোধন করা হয়েছে। যা এ কার্যালয়ের ওয়েবসাইট www.boiler.gov.bd তে আপলোড করা হয়েছে।